**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাজ্য নির্বাচন কমিশন আজ ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করেছে ।**

**(২) কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী প্রতাপরাও গনপতরাও যাদব আজ বিকালে কৈলাশহরের সুসংহত আয়ুশ হাসপাতালটি পরিদর্শন করেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে NITI আয়োগে বিশিষ্ট অর্থনীতিবিদদের সঙ্গে মতবিনিময় করেন ।**

**(৪) কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী, জগৎ প্রকাশ নাড্ডা আজ নতুনদিল্লিতে বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সঙ্গে পরিবার পরিকল্পনা এবং জনসংখ্যা নিয়ন্ত্রণের বিষয়ে ভার্চুয়াল আলোচনায় সভাপতিত্ব করেন ।**

****************************************

**Panchayet Election :**

রাজ্য নির্বাচন কমিশন আজ ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করেছে। পাশাপাশি জিলা পরিষদ নির্বাচনের জন্য জেলা শাসক তথা রিটার্নিং অফিসার এবং

রাজ্যের ৩৫টি ব্লকের বিডিও তথা রিটার্নিং অফিসারগণও পঞ্চায়েত নির্বাচনে মনোনয়ন পত্র জমা দেবার আহ্বান জানিয়ে বিজ্ঞপ্তি জারি করেছেন। আজ থেকেই মনোনয়ন পত্র গ্রহণের প্রক্রিয়া শুরু হয়েছে। মনোনয়নপত্র জমা দেবার শেষ দিন ১৮ই জুলাই। মনোনয়নপত্র পরীক্ষা করা হবে ১৯শে জুলাই। মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন ২২শে জুলাই। ভোট গ্রহণ ৮ই আগস্ট এবং গণনা ১২ আগস্ট।

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ১৭টি আসনের মধ্যে ১৬টি আসনে আজ বামফ্রন্ট প্রার্থীরা মনোনয়ন পত্র দাখিল করেছেন। প্রার্থীরা পশ্চিম জেলার জেলা শাসক তথা রিটার্নিং অফিসার বিশাল কুমার এর কাছে মনোনয়নপত্র জমা দাখিল করেন।

******************************

**Central Minister-Unakoti :**

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী প্রতাপরাও গনপতরাও যাদব আজ বিকালে কৈলাশহরের সুসংহত আয়ুশ হাসপাতালটি পরিদর্শন করেন। তিনি এখানকার পরিকাঠামো ও পরিষেবা সম্পর্কে অবহিত হন। বিশেষকরে পঞ্চকর্মা থেরাপি, যোগা ইত্যাদি সম্পর্কেও খোঁজ খবর নেন। পরে কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে স্বাস্থ্য বিভাগ ও আয়ুষ এর কাজকর্ম বিষয়ে এক বৈঠকে অংশ নেন কেন্দ্রীয় মন্ত্রী। বৈঠকে স্বাস্থ্য পরিষেবার বিভিন্ন দিক নিয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধ দপ্তরের অধিকর্তা ডাঃ অঞ্জন দাস, স্বাস্থ্য দপ্তরের যুগ্ম-অধিকর্তা ডাঃ সৌভিক দেববর্মা, রাজ্য স্বাস্থ্য মিশনের সদস্যা-সচিব ডাঃ নুপুর দেববর্মা প্রমুখ।

কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী আজ ঊনকোটি জেলার মাছমারা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি পরিদর্শন করেন। কেন্দ্রীয় সরকারের "জাতীয় গুনমান নিশ্চয়তা শংসাপ্রাপ্ত" এই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি। তিনি স্বাস্থ্যকেন্দ্রের অন্তঃবিভাগ-বর্হিবিভাগের সহ পরিষেবা ও পরিকাঠামোগত দিক সম্পর্কে অবহিত হন।

তিনি চিকিৎসক, স্বাস্থ্যকর্মী, রোগী ও তাদের পরিজনদের সঙ্গে কথা বলেন। স্বাস্থ্যকেন্দ্রে ভেষজ বাগানে অর্জুন গাছের চারা রোপণ করেন। তাছাড়া একজন T.B রোগিকে ফলের ঝুড়ি ও দু'জন শিশুর হাতে জিঙ্ক ট্যাবলেট এবং ORS এর প্যাকেট তুলে দেন।

কেন্দ্রীয় মন্ত্রী আজ মাছমারা A.D.C ভিলেজ কার্যালয়, স্থানীয় অঙ্গন ওয়াড়ি কেন্দ্র এবং কিনাচরণ তালুকদার পাড়া S/B স্কুলটি পরিদর্শন করেন।

আকাশবাণী'র ঊনকোটি জেলার সংবাদ সংবাদদাতা অনুপম ভট্টাচার্যকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে কেন্দ্রীয় মন্ত্রী জানান, উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলোতে ১৫ দিন অন্তর অন্তর কেন্দ্রীয় মন্ত্রীদের প্রবাস কর্মসূচির অঙ্গ হিসাবে তাঁর এই সফর। সফর শেষে প্রধানমন্ত্রীর দপ্তরে রিপোর্ট জমা দেবেন বলে তিনি জানান।

*****************************

**Panchayat Nomination-Sepahijala :**

ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের প্রথম দিনে আজ সিপাহীজলা জেলায় ৩৬ জন সি.পি.আই.এম প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন। এর মধ্যে কাঠালিয়া ব্লকে গ্রাম

পঞ্চায়েত নির্বাচনের জন্য ২০ জন, মোহনভোগ ব্লকে ৮ জন, মোহনভোগ পঞ্চায়েত সমিতির জন্য ৫ জন ও সিপাহীজলা জিলা পরিষদ নির্বাচনের জন্য ৩ জন সি.পি.আই.এম প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন। উল্লেখ্য সিপাহীজলা জেলায় গ্রাম পঞ্চায়েতের ১২১০টি আসন, পঞ্চায়েত সমিতির ৭৪টি ও জিলা পরিষদের ১৭টি আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে। এই জেলায় পঞ্চায়েত নির্বাচনে মোট ভোটার ২ লক্ষ ৩৯ হাজার ৫৪২ জন।

*************************

**Nomination-South :**

দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য আজ মোট ১৭ জন সিপিআইএম প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন। জেলা শাসকের কাছে প্রার্থীরা মনোনয়নপত্র দাখিলের সময় উপস্থিত ছিলেন বিধায়ক দীপঙ্কর সেন, সিপিআইএম রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য সুধন দাস, জেলা সম্পাদক বাসুদেব মজুমদার, সিপিআইএম তিন মহকুমা সম্পাদক তাপস দত্ত, আশুতোষ দেবনাথ, অরুণ ত্রিপুরা প্রমুখ।

*************************

**DM PRESS MEET :**

উত্তর ত্রিপুরা জিলা পরিষদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য আজ সিপিআইএম-এর ৩ জন প্রার্থী মনোয়নপত্র দাখিল করেছেন। এদিকে, জেলাশাসক দেবপ্রিয় বর্ধন আজ ধর্মনগরে সাংবাদিক সম্মেলনে জানান, উত্তর জেলার চারটি ব্লকে অনুষ্ঠিত হবে ত্রিস্তর পঞ্চায়েতের ভোট। এই চারটি ব্লকে ৩৪৭টি বুথ কেন্দ্র রয়েছে। ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের সমস্ত প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার

জন্য প্রস্তুতি নেওয়া হয়েছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, ধর্মনগরের মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া ও পানিসাগরের মহকুমা শাসক সুশান্ত দেববর্মা।

*************************

**PM, NITI AYOG :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে NITI আয়োগে বিশিষ্ট অর্থনীতিবিদদের সঙ্গে মতবিনিময় করেন। ২০২৪-২৫ সালের কেন্দ্রীয় বাজেটের আগে তাদের মতামত ও পরামর্শ জানতেই তাঁর এই মতবিনিময়। অর্থমন্ত্রী নির্মলা সীতারামন, নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান সুমন বেরি, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব পি কে মিশ্র এবং শীর্ষস্থানীয় অর্থনীতিবিদ ও বিশেষজ্ঞরা বৈঠকে যোগ দেন। এই মাসের ২২ তারিখে সংসদের বাজেট অধিবেশন শুরু হবে এবং ২৩ তারিখে অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ লোকসভায় ২০২৪-২৫ সালের কেন্দ্রীয় বাজেট পেশ করবেন। এটি হবে নরেন্দ্র মোদী সরকারের তৃতীয় মেয়াদে পেশ করা প্রথম বাজেট। গত মাসে সংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশন চলাকালীন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জোর দিয়ে বলেন যে এই বাজেট সরকারের সুদূরপ্রসারী নীতি এবং ভবিষ্যত দৃষ্টিভঙ্গির একটি কার্যকর দলিল হবে। তিনি বলেন যে বড় অর্থনৈতিক ও সামাজিক সিদ্ধান্তের পাশাপাশি এই বাজেটে অনেক ঐতিহাসিক পদক্ষেপও দেখা যাবে। উল্লেখ্য, লোকসভা নির্বাচনের কারণে এই বছরের ফেব্রুয়ারিতে একটি অন্তর্বর্তী বাজেট পেশ করা হয়েছিল।

******************************

**World Population Day :**

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী, জগৎ প্রকাশ নাড্ডা আজ নতুনদিল্লিতে বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সঙ্গে পরিবার পরিকল্পনা এবং জনসংখ্যা নিয়ন্ত্রণের বিষয়ে ভার্চুয়াল আলোচনায় সভাপতিত্ব করেন। অনুষ্ঠানটির বিষয় ছিল "মা ও শিশুর সুস্থতার জন্য গর্ভধারণের স্বাস্থ্যকর সময় এবং ব্যবধান"। সভায় শ্রী নাড্ডা জোর দিয়ে বলেন যে সঠিক পরিবার পরিকল্পনা নিশ্চিত করতে এবং বিশেষ করে সমস্যাগ্রস্ত রাজ্য, জেলা এবং ব্লকগুলিতে সঠিকভাবে প্রকল্প এবং উদ্যোগগুলি কার্যকর করার জন্য কেন্দ্র এবং রাজ্য উভয়কেই সম্মিলিতভাবে কাজ করতে হবে।

স্বাস্থ্যমন্ত্রী আজ বহুমুখী পরিবার পরিকল্পনা প্রদর্শন মডেল "সুগম" এর সূচনা করেন। এটি পরিবার পরিকল্পনা পরিষেবা প্রদানকারীদের দ্বারা পরিবার পরিকল্পনা সম্পর্কে প্রয়োজনীয় সচেতনতা তৈরি করার জন্য তৈরি করা হয়েছে। তিনি পরিবার পরিকল্পনা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নতুন রেডিও স্পট এবং জিঙ্গেলও চালু করেন।

****************************

**Governor-Sepahijala :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ গোলাঘাটি বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কাঞ্চনমালায় একটি বহুমুখী ফার্ম পরিদর্শন করেছেন। এই ফার্মে পোল্ট্রির মুরগি পালন, মাছ চাষের পাশাপাশি বায়ো গ্যাস প্লান্ট ইত্যাদি সম্পর্কে রাজ্যপাল ফার্মটির কর্ণধারের সঙ্গে কথা বলেন। স্বনির্ভর হওয়ার জন্য রাজ্যের

বেকার যুবক-যুবতীদের এধরনের বহুমুখী ফার্ম গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেছেন রাজ্যপাল।

****************************

**Panchayat Election-Dhalai :**

ধলাই জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ এ ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে প্রতিটি রাজনৈতিক দলের সহযোগিতা চেয়েছেন। আজ ধলাই জেলার জেলা শাসকের কার্যালয়ে আয়োজিত এক সর্বদলীয় বৈঠকে তিনি এই সহযোগিতা চান। বৈঠক শেষে জেলা শাসক সাংবাদিকদের জানান, নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হবে। ধলাই জেলায় তিনটি ব্লক এলাকায় ৪১টি গ্রাম পঞ্চায়েতে নির্বাচন অনুষ্ঠিত হবে। মোট আসন ২২২টি। একইসঙ্গে নির্বাচন অনুষ্ঠিত হবে জেলার তিনটি পঞ্চায়েত সমিতির ৩৩টি আসন ও ধলাই জিলা পরিষদের ৯টি আসনে। জেলা শাসক আরো জানান, পঞ্চায়েত নির্বাচনে ধলাই জেলায় মোট ভোটারের সংখ্যা ৮০ হাজার ১৬৯ জন। এর মধ্যে পুরুষ ভোটারের সংখ্যা ৪০ হাজার ৫১৯ জন, মহিলা ভোটারের সংখ্যা ৩৯ হাজার ৬৪৪ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছে ৬ জন। সর্বদলীয় বৈঠকে উপস্থিত ছিলেন ধলাই জেলার পুলিশ সুপার অভিনাশ রাই ও অতিরিক্ত জেলা শাসক সুব্রত কুমার দাস প্রমুখ।

**************************

**All Party Meeting-UNAKOTI :**

আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে আজ বিকালে কৈলাশহরের জেলাশাসক কার্যালয়ে বিভিন্ন রাজনৈতিক

দলের প্রতিনিধিদের নিয়ে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন, জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা। বৈঠকে B.J.P, কংগ্রেস, C.P.I(M), তৃনমূল কংগ্রেস ও তিপরা মথা প্রভৃতি রাজনৈতিক দলের প্রতিনিধিরা অংশ নেন। বৈঠকে জেলাশাসক সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচনপর্ব সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। উল্লেখ্য যে, ঊনকোটি জেলাতে মোট ভোটদাতার সংখ্যা ১ লক্ষ ২৮ হাজার ৭৩৭ জন। জেলাতে মোট ভোট কেন্দ্র রয়েছে ২৩৪টি।

***************************

**Panchayet Election-Khowai :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন নিয়ে আজ দুপুরে খোয়াই জেলা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। জেলাশাসক চাঁদনী চন্দ্রনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় সবকটি রাজনৈতিক দলের প্রতিনিধি সহ জেলা পুলিশ সুপার ও অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন।

*****************************

**03 law awareness :**

নতুন তিন ফৌজদারি আইন নিয়ে আজ দক্ষিন জেলার শ্রীনগর পঞ্চায়েতে সাব্রুম মহকুমা আইনসেবা কমিটির উদ্যোগে এক সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়। আলোচনাসভায় আইনজীবি রাধিকা রঞ্জন বসাক ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

*******************************

**Road Accident-Bishalgarh :**

আগরতলা-সাব্রুম জাতীয় সড়কের বিশালগড় জাঙ্গালিয়া এলাকায় আজ বিকেল এক সড়ক দুর্ঘটনায় ২ জন নিহত ও ১ জন আহত হয়েছেন। উদয়পুর থেকে আগরতলাগামী একটি বাসের সঙ্গে ১টি বাইক ও স্কুটির সংঘর্ষে এই মর্মান্তিক ঘটনাটি ঘটে। বিশালগড় মহকুমা পুলিশ আধিকারিক দুলাল দত্ত জানিয়েছেন বাইকে থাকা প্রণব দাস ও রাকেশ দেবনাথ নিহত হন। তাদের ২ জনেরই বাড়ি উদয়পুর মহকুমায়। স্কুটি চালক আহত প্রসেনজিৎ ভৌমিক হাঁপানিয়ার TMC হাসপাতালে চিকিৎসাধীন।

*****************************

**Congress meeting :**

পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে আজ আগরতলায় কংগ্রেস ভবনে প্রদেশ কংগ্রেসের এক সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন সহ অন্যান্য নেতৃবৃন্দ। সভায় পঞ্চায়েত নির্বাচনের জন্য কংগ্রেসের রনকৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

***************************

**Third Division League :**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত খেলায় ঐকতান যুব সংস্থা জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ঐকতান যুব সংস্থা ৩-২ গোলে জম্পুইজলা প্লে সেন্টারকে হারিয়ে দেয়। একই মাঠে স্বামী

বিবেকানন্দ ক্লাব ও ইকফাই ফুটবল ক্লাবের অপর খেলাটি ১-১ গোলে ড্র হয়।

*******************************

**Women's Football :**

ঘরোয়া মহিলা ফুটবল লিগের খেলায় আজ বিশ্রামগঞ্জ প্লে সেন্টার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় বিশ্রামগঞ্জ প্লে সেন্টার ৫-১ গোলে ফুলো ঝানু এথলেটিক ক্লাবকে পরাজিত করে।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

***************************